

শয়তান তোমাদের শত্রু। শয়তানের কুমন্ত্রণা থেকে আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা কর। যখন কুরআন তেলাওয়াত করবে তখন অভিশপ্ত শয়তান হতে আশ্রয় গ্রহণ করবে।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহু
বিসমিল্লাহির রহমানুর রাহীম

আজকের আলোচনার বিষয়বস্তু হচ্ছে: **শয়তান তোমাদের শত্রু। শয়তানের কুমন্ত্রণা থেকে আল্লাহর কাছে আশ্রয় প্রার্থনা কর। যখন কুরআন তেলাওয়াত করবে তখন অভিশপ্ত শয়তান হতে আশ্রয় গ্রহণ করবে।**

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:

সূরা ১৬ আন নাহল, আয়াত: ৯৮

فَإِذَا قَرَأْتَ الْقُرْآنَ فَاسْتَعِذْ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ (98)

যখন তুমি কুরআন পাঠ করবে তখন অভিশপ্ত শয়তান হতে আল্লাহর আশ্রয় গ্রহণ করবে।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছে:

সূরা ২৩ মু'মিনুন, আয়াত: ৯৭

وَقُلْ رَبِّ أَعُوذُ بِكَ مِنْ هَمَزَاتِ الشَّيَاطِينِ (97)

অর্থঃ হে আমার প্রতিপালক! আমি তোমার আশ্রয় প্রার্থনা করি
শয়তানের প্ররোচনা হতে।

পবিত্র কোরআনে ইরশাদ হচ্ছেঃ

সূরা ৩৫ ফাতির, আয়াতঃ ৬

إِنَّ الشَّيْطَانَ لَكُمْ عَدُوٌّ

শয়তান তো তোমাদের শত্রু। সুতরাং তাকে তোমরা শত্রু রূপেই
গ্রহণ কর।

আরবী ভাষায় شَيْطَان শব্দটি মূল شَطْنُ এর আভিধানিক অর্থ দুরত্ব।
অভিশপ্ত শয়তান মানব প্রকৃতি হতে দূরে রয়েছে। বরং নিজের
দুষ্কৃতির কারণে প্রত্যেক মঙ্গল ও কল্যাণ হতে দূরে আছে।

একটি হাদীস

আবু দাউদ ১/২৬৬

রাসুলুল্লাহ(সাঃ) সালাতে প্রবেশ করেই তিনবার “আল্লাহ্ আকবর
কিবীরা” তিনবার “আলহামদুলিল্লাহ কাসীরা” এবং তিনবার
“সুবাহানাল্লাহি বুকরাতাও ওয়া আসীলা” পাঠ করতেন। তারপর
বলতেন “হে আল্লাহ আমি আপনার কাছে আশ্রয় চাচ্ছি অভিশপ্ত
শয়তানের প্রবঞ্চনা, পাগলামি, কবিতা ও আত্মস্বরিতা হতে।

আরও একটি হাদীসঃ

বুখারী ৬/৩৮৮, মুসলিম ৪/২০১৫, আবুদাউদ ৫/১৪০,
নাসায়ী ১০২৩৩

হযরত সুলাইমান ইবন ছরায়রাহ্ থেকে বর্ণিত। আমরা
 রাসুলুল্লাহ(সাঃ) এর সাথে বসা ছিলাম। এই সময় দু'জন লোক
 তর্কে লিপ্ত হলো। তাদের একজন আরেকজনকে গালাগালি
 করছিল এবং রাগে তার মুখমন্ডল রক্তিম হয়ে উঠেছিল।
 রাসুল(সাঃ) তখন বললেনঃ আমি এমন একটা বাক্য জানি যদি সে
 তা এখন উচ্চারণ করে তাহলে তার রাগান্বিত অবস্থা চলে যাবে।
 তা হলো **أَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ** বলা। লোকেরা ঐ লোকটাকে
 বললো রাসুলুল্লাহ(সাঃ) যা বলেছেন তা কি তুমি শুনতে পাওনি?
 লোকটি বললো আমি পাগল নই।

প্রিয় ভাই ও বোনেরা, যখনই আমাদের মনে কোন কু-চিন্তা উদয়
 হয়, তখনই আমাদের উচিত “আ’উযু বিল্লাহি মিনাশ্ শায়তানির
 রাজীম পাঠ করা। বরং এটা বেশী বেশী তেলাওয়াত করলে
 আল্লাহতায়লা শয়তানকে আমাদের থেকে দূরে রাখবেন।
 আমীন।

আসসালামু আলাইকুম ওয়া রহমতুল্লাহি ওয়া বারাকাতুহ

.....